# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

৯২ তাজউদ্দিন আহমেদ সরনী, তেজগাঁও, ঢাকা-১২০৮

## নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী

অত্র বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটির ৩য় সভা ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকায় কমিটির আহ্বায়ক মাননীয় উপাচার্য অধ্যাপক মোঃ আবুল কাশেম এর সভাপতিত্বে কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

১. **অধ্যাপক ড. শাহ্ আলিমুজ্জামান**, রেজিস্ট্রার, বাটেবি। - সদস্য
২. **অধ্যাপক ড. নারগীস জাহান আরা**, বিভাগীয় প্রধান, রসায়ন বিভাগ, বাটেবি। - সদস্য
৩. **অধ্যাপক ড. মোহাম্মদ আলী**, আহ্বায়ক, এপিএ কমিটি, বাটেবি। - আমন্ত্রিত সদস্য
৪. **অধ্যাপক ড. মোহাম্মদ ফরহাদ হোসেন**, আহ্বায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটি, বাটেবি। - আমন্ত্রিত সদস্য
৫. **মোঃ শামীম ইসলাম,** সেকশন অফিসার, আইকিউএসি, ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, বাটেবি। - সদস্য সচিব

২. সভাপতি মহোদয় সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভায় কার্যক্রম শুরু করেন। শুরুতেই সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে সভার সদস্য-সচিব আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। প্রথমেই ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) অর্জন প্রতিবেদন অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। উক্ত প্রতিবেদন সভায় ভূতাপেক্ষ অনুমোদন করা হয় এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে নিম্নোক্ত সিদ্ধান্ত (সিদ্ধান্ত: ৩.২-৩.৪) নেওয়া হয়।

দ্বিতীয়ত, সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ১ম ষান্মাসিক অর্জন/অগ্রগতি তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদন পর্যালোচনা করে যেসকল কর্মসম্পাদন সূচকে অগ্রগতি নেই সেগুলো বাস্তবায়নে বিস্তারিত আলোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত (সিদ্ধান্ত: ৩.৫-৩.১৪) নেওয়া হয়।

তৃতীয়ত, সভায় জানানো হয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী গ্রেড-৯ ও তদুর্ধ্ব, গ্রেড-১০ হতে গ্রেড-১৬, এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত একজন করে মোট ৩ জন কর্মচারী শুদ্ধাচার পুরস্কার পাবেন। নীতিমালায় বর্ণিত সূচকের ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ প্ররস্কার প্রদানের লক্ষ্যে কর্মচারী নির্বাচন করতে অফিসপ্রধানের নেতৃত্বে একটি বাছাই কমিটি গঠন করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক অত্র বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত (সিদ্ধান্ত: ৩.১৫) নেওয়া হয়।

৩. সিদ্ধান্তসমূহ:

| ক্র: নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|
| ৩.১ | NIS সংক্রান্ত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) অর্জন প্রতিবেদন অনুমোদন | ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) অর্জন প্রতিবেদন অনুমোদন করা হয়। | |
| ৩.২ | দুর্নীতি বিরোধী সচেতনতা তৈরী সংক্রান্ত কর্মশালা আয়োজন | দুর্নীতি বিরোধী সচেতনতা তৈরী সংক্রান্ত কর্মশালা আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | পরিচালক, আইকিউএসি |
| ৩.৩ | বিভিন্ন শাখা/ দপ্তরের কার্যক্রম আকস্মিক পরিদর্শন | বিভিন্ন শাখা/ দপ্তরের কার্যক্রম আকস্মিক পরিদর্শন করার প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | রেজিস্ট্রার, বাটেবি। |
| ৩.৪ | বিশ্ববিদ্যালয়ের সিকিউরিটি শাখায় নিয়োজিত জনবলের প্রশিক্ষন | বিশ্ববিদ্যালয়ের সিকিউরিটি শাখায় নিয়োজিত জনবলের জন্য প্রশিক্ষনের আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | রেজিস্ট্রার, বাটেবি। |
| ৩.৫ | এমএসসি, ও এমবিএ পর্যায়ে ভর্তি। | এমএসসি পর্যায়ে শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া শুরু করার প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এবং MBA, ও PhD ভর্তির বিষয়টি ডিন-বিভাগীয় প্রধান কমিটিতে আলোচনার জন্য তালিকাভূক্ত করার নির্দেশনা প্রদান করা হয়। | রেজিস্ট্রার, বাটেবি। |
| ৩.৬ | আভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন। | শিক্ষক কর্মকর্তা কর্মচারীদের জন্য প্রশিক্ষন আয়োজনের উদ্যোগ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | পরিচালক, আইকিউএসি |
| ৩.৭ | ৪র্থ শিল্প বিপ্লব বিষয়ক কর্মশালা আয়োজন। | ৪র্থ শিল্প বিপ্লব বিষয়ক একটি কনফারেন্স আয়োজনের জন্য নিম্নোক্ত ভাবে কমিটি গঠন করার জন্য সুপারিশ করা হয়।<br>১. ড. মোঃ মাসুম, সহযোগী অধ্যাপক, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট বিভাগ<br>২. ড. মোঃ সাইদুজ্জামান, সহকারী অধ্যাপক, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট বিভাগ<br>৩. ড. মোঃ মাহবুবুর রহমান, সহকারী অধ্যাপক, টেক্সটাইল ফ্যাশন এন্ড ডিজাইন বিভাগ | রেজিস্ট্রার, বাটেবি। |
| ৩.৮ | বিভাগসমূহের এলামনাই এসোসিয়েশন গঠন। | এলামনাই এসোসিয়েশন গঠন না হওয়া পর্যন্ত বিভাগ ভিত্তিক এলামনাই তালিকা করে ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | পরিচালক, আইকিউএসি |
| ৩.৯ | নতুন গবেষণা ও উদ্ভাবন কেন্দ্র স্থাপন। | টেক্সটাইল মেটেরিয়ালস ইঞ্জি: বিভাগের জন্য একটি নতুন ল্যাব স্থাপন করা হয়েছে। উক্ত ল্যাবকে নতুন গবেষণাগার স্থাপনের অর্জন হিসাবে দেখানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | পরিচালক, পওউ |

# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

৯২ তাজউদ্দিন আহমেদ সরনী, তেজগাঁও, ঢাকা-১২০৮

| | | | |
|---|---|---|---|
| ৩.১০ | আধুনিকায়নকৃত/ সম্প্রসারিত গবেষণাগার। | DCE ল্যাব ও ESE ল্যাব এর জন্য মেশিনারিজ ক্রয় প্রক্রিয়াধিন রয়েছে। উক্ত ল্যাব দুইটি আধুনিকায়নকৃত/ সম্প্রসারিত গবেষণাগারের অর্জন হিসাবে দেখানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | পরিচালক, পওউ |
| ৩.১১ | বুটেক্স জার্নাল প্রকাশনা | বুটেক্স জার্নাল প্রকাশনার জন্য নিম্নোক্ত ভাবে কমিটি গঠন করার জন্য সুপারিশ করা হয়।<br>১. অধ্যাপক ড. উম্মুল খায়ের ফাতেমা, পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ<br>২. ড. মোঃ সামিউল ইসলাম চৌধুরী, সহযোগী অধ্যাপক, রসায়ন বিভাগ<br>৩. ড. ইমানা শাহরীন তানিয়া, সহকারী অধ্যাপক, ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগ | রেজিস্ট্রার, বাটেবি। |
| ৩.১২ | আন্তর্জাতিক জার্নাল সাবস্ক্রিপশন। | ইউজিসি-এর মাধ্যমে আমরা কোন কোন জার্নালে এ্যাকসেস করতে পরছি তা পর্যালোচনা করে আরও কোন কোন আন্তর্জাতিক জার্নালে আমাদের সাবস্ক্রিপশন প্রয়োজন তা জানানোর জন্য নিম্নোক্ত ভাবে কমিটি গঠন করার জন্য সুপারিশ করা হয়।<br>১. ড. মোঃ সাইদুজ্জামান, সহকারী অধ্যাপক, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট বিভাগ<br>২. জনাব দেওয়ান মোরশেদ আহমেদ, সহকারী অধ্যাপক, ফেব্রিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | রেজিস্ট্রার, বাটেবি। |
| ৩.১৩ | বিশ্ববিদ্যালয়ের সাথে কোলাবরেশন। | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) সহ বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে কোলাবরেশনের মাধ্যেমে কাজ করার প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য পরিচালক, বহিরাঙ্গন-কে নির্দেশনা প্রদান করার জন্য সুপারিশ করা হয়। | রেজিস্ট্রার, বাটেবি। |
| ৩.১৪ | সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি, ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে জন্য একটি প্রশিক্ষন কর্মশালা আয়োজন করা হবে। উক্ত প্রশিক্ষন-কর্মশালায় ড. ফেরদৌস জামান, সচিব, ইউজিসি, এবং জনাব মোঃ গোলাম দস্তগীর, এপিএ ফোকাল পয়েন্ট, ইউজিসি-কে রিসোর্স পারসন হিসাবে আমন্ত্রণ জানানো যেতে পারে। | আহ্বায়ক, এপিএ কমিটি |
| ৩.১৫ | শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে বাছাই কমিটি গঠন | অত্র বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে কর্মচারী নির্বাচনের জন্য উপাচর্য মহোদয়ের নেতৃত্বে নিম্নোক্ত ভাবে কমিটি গঠন করার জন্য সুপারিশ করা হয়।<br>১. মাননীয় উপাচার্য, বাটেবি - আহ্বায়ক<br>২. আহ্বায়ক, এপিএ কমিটি - সদস্য<br>৩. রেজিষ্ট্রার, বাটেবি - সদস্য-সচিব | রেজিস্ট্রার, বাটেবি। |

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩/৩/২২

অধ্যাপক মোঃ আবুল কাশেম
উপাচার্য ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি

স্মারক নং: বাটেবি/এনআইএস কমিটি/২০২১/০৩

তারিখ: ০৩/০৩/২০২২

সদয় অবগতি, বিতরন ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) অধ্যাপক ড. সেখ মোঃ মমিনুল আলম, ডীন, ফ্যাকাল্টি অব সাইন্স এন্ড ইঞ্জি:, বাটেবি।
২) অধ্যাপক ড. শাহ্ আলিমুজ্জামান, রেজিষ্ট্রার, বাটেবি।
৩) অধ্যাপক ড. নারগীস জাহান আরা, বিভাগীয় প্রধান, রসায়ন বিভাগ, বাটেবি।
৪) অধ্যাপক ড. মোহাম্মদ আলী, আহ্বায়ক, এপিএ কমিটি, বাটেবি।
৫) অধ্যাপক ড. মোহাম্মদ ফরহাদ হোসেন, পরিচালক, আইকিউএসি, বাটেবি।
৬) পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, বাটেবি।
৭) সহকারী প্রোগ্রামার, বাটেবি (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৮) সেকশন অফিসার, ভিসি অফিস, বাটেবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯) অফিস নথি।

06/03/2022

(মোঃ শামীম ইসলাম)
সেকশন অফিসার, আইকিউএসি, বাটেবি
ও
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি